চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২২ আগস্ট ২০১৭ খ্রি.

কাজেম আলী স্কুল এন্ড কলেজে সেমিনার
সরকারের শিক্ষানীতি অনুসরণ করে প্রধানমন্ত্রীর
ভিশন ২০২১ বাস্তবায়ন করতে হবে : সিটি মেয়র

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দিন বলেছেন, প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকার জন্য জ্ঞান এবং বিজ্ঞান চর্চার কোন বিকল্প নেই। এই দুটি ভিতকে অনুসরণ করে শিক্ষাদীক্ষা এবং জ্ঞানবিজ্ঞানে এগিয়ে যাচ্ছে কাজেম আলী স্কুল এন্ড কলেজ। অতীতের সকল দুর্নাম ঘুচিয়ে এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা গত কয়েক বছরে পরীক্ষায় ভালো ফলাফল উপহার দিয়ে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্থান করে নিয়েছে। এটা অবশ্যই গৌরবের বিষয়। সিটি মেয়র আরো বলেন, এই শিক্ষা প্রতিষ্ঠানে কোন রকম সন্ত্রাসী কর্মকাণ্ড কিংবা বহিরাগতদের আস্ফালন বরদাস্ত করা হবে না। যারা প্রতিষ্ঠানের শৃঙ্খলা বিরোধী কর্মকাণ্ড করবে তাদের অবশ্যই কঠোরহস্তে দমন করা হবে। এ ব্যাপারে আমি পরিচালনা কমিটির সভাপতিকে সর্বাত্মক সহযোগিতা দেবো। মেয়র বলেন, শিক্ষা ছাড়া দক্ষ ও সুশিক্ষিত জাতি গঠন সম্ভব নয়। কিন্তু দু:খের বিষয় স্বাধীনতা লাভের পর আমরা কোন শিক্ষানীতি পাইনি। ফলে পৃথিবীর উন্নত দেশগুলো থেকে আমরা পিছিয়ে ছিলাম। আনন্দের বিষয় আমাদের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিষয়টি অনুধাবন করে আমাদের শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন এনেছেন। আমাদের আন্তর্জাতিকমানের একটি শিক্ষানীতি উপহার দিয়েছেন। এটা আমাদের শিক্ষা ব্যবস্থায় মাইলফলক হিসেবে কাজ করবে এবং এই শিক্ষানীতির মধ্য দিয়ে আমাদের প্রজন্ম ভিশন ২০২১ বাস্তবায়িত হবে। একই সাথে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের উন্নত দেশের মর্যাদায় পৌছে যাবে। ২২ আগস্ট ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে কাজেম আলী হাই স্কুল এন্ড কলেজের সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন।

কাজেম আলী স্কুল এন্ড কলেজ পরিচালনা পরিষদের সভাপতি ও দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চ সম্পাদক সৈয়দ উমর ফারুকের সভাপতিত্বে সেমিনারে অতিথি ছিলেন ১৬ নং চকবাজার ওয়ার্ড কাউন্সিলর সাইয়্যেদ গোলাম হায়দার মিন্টু, জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, ১১ নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ড কাউন্সিলর মোরশেদ আকতার চৌধুরী, বাংলাদেশ দোকান মালিক সমিতির সিনিয়র সহ-সভাপতি হাজী মো. সাহাব উদ্দিন, জামালখান ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোরশেদ আলম, অভিভাবক সদস্য মো. মুজিবুর রহমান,মো. হাসান, মনোয়ারা বেগম, উপাধ্যক্ষ সানজিদা মোক্তার তানজিন, সহকারী প্রধান শিক্ষক লুৎফুর কবির ভূঁইয়া। শিক্ষিকা মুনমুন জাহানের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন কাজেম আলী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মো. গিয়াস উদ্দিন। 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিশন বাস্তবায়নে আমরা প্রস্তুত' শীর্ষক সেমিনারে কীনোট প্রেজেন্টেশন করেন একাদশ শ্রেণীর ছাত্র সাইমন আলম সাকিব এবং দ্বাদশ শ্রেণীর ছাত্রী রাহাতুননেসা। শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন সাইদা আরবী, দেশাত্মবোধন গান পরিবেশন করেন দশম শ্রেণীর ছাত্র শাহরিয়ার এবং একাদশ শ্রেণীর ছাত্র ইমন শীল। আবৃত্তি করেন দশম শ্রেণীর ছাত্র আলতাবুর রহমান।

প্রধান অতিথির বক্তৃতায় সিটি মেয়র শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এই মাতৃভূমি বাংলাদেশ আমাদের। নিজের জীবনের মতো আমাদের দেশকে ভালোবাসতে হবে, দেশের মানুষকে ভালোবাসতে হবে। আমাদের আত্মকেন্দ্রিক চিন্তা পরিহার করে দেশের জন্য চিন্তা করতে হবে। মেয়র বলেন, শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষা অর্জন করলে হবে না আমাদের নৈতিক শিক্ষায় শিক্ষিত হতে হবে। কারণ নৈতিক শিক্ষা না থাকলে প্রাতিষ্ঠানিক শিক্ষা অর্থহীন। শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদানে শিক্ষকদের পাশাপশি অভিভাবকদেরও দায়িত্ব রয়েছে।

কাজেম আলী স্কুল এন্ড কলেজ পরিচালনা পরিষদের সভাপতি ও দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চ সম্পাদক সৈয়দ উমর ফারুক বলেন, প্রধানমন্ত্রীর ভিশন বাস্তবায়নে কাজেম আলী স্কুল এণ্ড কলেজের আড়াই হাজার শিক্ষার্থী প্রস্তুত রয়েছে। ইতোমধ্যে কাজেম আলী স্কুল সরকারের শিক্ষানীতি অনুসরণ করে ভালো ফলাফল অর্জন করেছে। তিনি আরো বলেন, গ্রীণ সিটি এবং ক্লিণ সিটি বাস্তবায়নে সিটি মেয়র

আ জ ম নাছির উদ্দিন নিরলস পরিশ্র করে যাচ্ছেন। আমরা তাঁর এই মহৎ উদ্যোগ বাস্তবায়নে অতন্দ্র প্রহরী হিসেবে কাজ করে যাবো।

চট্টগ্রাম- ২২ আগস্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় উচ্ছেদ অভিযানে ভ্রাম্যমান আদালত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সিটি ম্যাজিস্ট্রেট সনজিদা শরমিন এবং স্পেশাল ম্যাজিষ্ট্রেট জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ২২ আগস্ট ২০১৭খ্রি. মঙ্গলবার চট্টগ্রাম মহানগর এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে নগরীর কোতোয়ালী থানাধীন চাক্তাই এলাকায় চাক্তাই খারের পাড় থেকে ২ টি অবৈধ ঘাট ও ১২ টি ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। এসময় রাস্তার উপর ইট-বালু স্তুপ করে রাখার দায়ে জনৈক ফজলুর রহমানকে ২ হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে চেরাগী পাহাড় মোড়স্থ কদম মোবারক মুসলিম এতিমখানা উচ্চ বিদ্যালয়ের সামনের রাস্তা ও নালার উপর থেকে কয়েকটি অবৈধ ভাসমান দোকান ও একটি বৈদ্যুতিক জেনারেটর অপসারন করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশি¬ষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

চট্টগ্রাম- ২২ আগস্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার উদ্যোগে সার্ভিল্যান্স কার্যক্রমের ‘সমন্বয় সভা’ অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগ পরিচালিত নগরীর ৪১টি ওয়ার্ডের ৭টি ইপিআই জোনে চলমান ইপিআই স্বাস্থ্য সেবাকে আরও অধিকতর গতিশীল ও জোরদার করার লক্ষ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সার্বিক সহযোগিতায় চসিক কর্মরত সকল জোনাল মেডিকেল অফিসার, ইপিআই টেকনিশিয়ান ও বে-সরকারী সংস্থা’র প্রতিনিধিদের নিয়ে AFP, VPD & AEFI সার্ভিল্যান্স কার্যক্রমের উপর এক ‘সমন্বয় সভা’ ২২আগস্ট ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা(ভারপ্রাপ্ত) ডাঃ মোহাম্মদ আলী এর সভাপত্বিতে অনুষ্ঠিত হয়। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার বিভাগীয় কো-অর্ডিনেটর ডাঃ ইমং প্রæ চৌধুরী, এমও ইনচার্জ ডাঃ আশীষ কুমার মুখার্জী, বিশ্ব স্বাস্থ্য সংস্থার এসআইএমও ডাঃ আরাফাত উল আলম। জোনাল মেডিকেল অফিসারদের পক্ষে বক্তব্য রাখেন ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ মুজিবুল আলম চৌধুরী, ডাঃ সুমন তালুকদার।
সভাপতির বক্তব্যে ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ আলী বলেন, ইপিআই কর্মসূচী’কে তার নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় পৌছাঁর জন্য সার্ভিল্যান্স কার্যক্রম জোরদার করা ছাড়া কোন বিকল্প নেই। তাই এই সমন্বয় সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি ইপিআই কর্মসূচীতে সার্ভিল্যান্স কার্যক্রম জোরদার করার লক্ষ্যে নিয়মিত সুপারভিশন, মনিটরিং ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পালন করার জন্য জোনাল মেডিকেল অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন এবং সকল সরকারী, বে-সরকারী সংস্থা’র সমন্বয়ের মাধ্যমে ইপিআই কার্যক্রমকে আরও এগিয়ে নেয়ার আহবান জানান। উক্ত সমন্বয় সভায় পাওয়ার প্রেজেন্টেশন এর মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্ভিল্যান্স কার্যক্রমের উপর সার্বিক তথ্য উপাত্ত উপস্থাপন ও দিক-নির্দেশনা প্রদান করেন ঢাকা হতে আগত বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর NPO EPI সার্ভিল্যান্স ডাঃ মোঃ তানভিরুল ইসলাম।

চট্টগ্রাম- ২২ আগস্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পৌরকরের ৩০ লাখ টাকা পরিশোধ করল বাংলালিংক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে পৌরকর বাবদ ২৯ লাখ ৮১ হাজার ১’শ ৩৩ টাকা পরিশোধ করেছে বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লি. (বাংলালিংক) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমানের নিকট আজ মঙ্গলবার

সকালে নগরভবনে চেকে পৌরকরের এই টাকা পরিশোধ করে বাংলালিংক কর্তৃপক্ষ। এ সময় বাংলালিংকের কর্মকর্তা মো. জাকির হোসেন, রমিজুল ইসলাম মানিক, সুমন কুমার দাশ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১নং সার্কেলের কর কর্মকর্তা শাহ আলম, উপ কর কর্মকর্তা নাসির উদ্দিন চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন। চেক প্রদানকালে ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান সকল মোবাইল পাওয়ার অপারেটরকে সরকারি নীতিমালা অনুযায়ী পৌরকরের টাকা পরিশোধ করার আহবান জানান।
উল্লেখ্য বাংলালিংক চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ১৬৪টি টাওয়ার স্থাপন করেছে। উক্ত টাওয়ারের পৌরকর বাবদ ২৯ লাখ ৮১ হাজার ১'শ ৩৩ টাকা পরিশোধ করা হয়।

চট্টগ্রাম- ২২ আগস্ট ২০১৭ খ্রি.

চট্টেশ্বরী মোড়স্থ গোলপাহাড় চত্বর কাজির দেউরী মোড়ের নতুন নামকরণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ উপ কমিটির সভায় চট্টেশ্বরী মোড়স্থ গোলপাহাড় চত্বরকে 'জহুর মান্নান চত্বর,' কাজির দেউরী মোড়কে 'ডা. এ এম এম জাকেরিয়া চৌধুরী চত্বর' নামকরণ করার প্রস্তাব গৃহিত হয়। গত ৮ আগস্ট ২০১৭ খ্রি. বেলা ১১ টায় নগরভবনের প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ উপ কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা সভাপতিত্ব করেন। সভার সদস্য সচিব স্থপতি এ কে এম রেজাউল করিম আলোচ্যসূচি সমূহ উপস্থাপন করেন। সভায় সর্বসম্মত সিদ্ধান্তে উল্লেখিত দুই চত্বর উল্লেখিত ব্যক্তিদের নামে নামকরণ করার গৃহিত হয়।

চট্টগ্রাম- ২২ আগস্ট ২০১৭ খ্রি.

২৬ আগস্ট ভারতীয় সহকারী হাই কমিশনারের বিদায় অনুষ্ঠান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী সোমনাথ হালদারকে আগামী ২৬ আগস্ট ২০১৭ খ্রি. শনিবার, বেলা ১১ টায় চিটাগাং ক্লাব এর অডিটোরিয়াম হলে বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে সংশ্লিষ্টদের যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
চট্টগ্রাম- ২২ আগস্ট ২০১৭ খ্রি.

বানভাসি দূর্গতদের জন্য ১ দিনের বেতন দেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন

২০ আগস্ট ২০১৭ খ্রি. অনুষ্ঠিত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত সংসদের ২৫তম সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক দেশের বানভাসি দূর্গতদের সাহার্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ তাদের মাসিক বেতনের ১ দিনের বেতন প্রদান করবে।
চট্টগ্রাম- ২২ আগস্ট ২০১৭ খ্রি.

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি নাম শুধু নয়, একটি অহংকারের প্রদীপ্ত ইতিহাস
--------- মেয়র আ জ ম নাছির উদ্দীন

বঙ্গবন্ধু পরিষদ সোনালী ব্যাংক লিমিটেড ও সোনালী ব্যাংক এমপ্লয়ীজ ইউনিয়ন-২০২ বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের যৌথ উদ্যোগে জাতীয় শোক দিবস-২০১৭ উপলক্ষ্যে খতমে কোরআন, মিলাদ মাহফিল, আলোচনা সভা ও মেজবান ১৯ আগস্ট ২০১৭ খ্রি. শনিবার আগ্রাবাদস্থ সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন। চট্টগ্রাম বঙ্গবন্ধু পরিষদের সভাপতি মং হলা চিং এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মো. সৈয়দুল আলম এর পরিচালনায় এতে বিশেষ অতিথি ছিলেন সোনালী ব্যাংক লিমিটেডের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর তারিকুল ইসলাম চৌধুরী। বিশেষ বক্তা ছিলেন সোনালী ব্যাংক লিমিটেড, ঢাকা-২ এর জেনারেল ম্যানেজার নিজাম উদ্দিন আহমেদ চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি নাম শুধু নয়, একটি অহংকারের প্রদীপ্ত ইতিহাস। যে মহানায়কের জন্ম না হলে বিশ্ব মানচিত্রে বাংলাদেশ নামের এ স্বাধীন সার্বভৌম দেশের অভ্যুদয় ঘটতো না। বঙ্গবন্ধু সকল বিতর্কের উর্দ্ধে, তিনি জাতির পিতা ও স্বাধীন বাংলাদেশের স্থপতি। ভারতের নামের সাথে মহাতœা গান্ধীর নাম যেমন পৃথক করা যায় না, তেমনি বাংলাদেশ থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম কখনো বিচ্ছিন্ন করা যাবে না। মেয়র বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করে ক্ষুদামুক্ত, দারিদ্রমুক্ত বাংলাদেশ বিনির্মাণে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার জন্য আহবান জানান।
বিশেষ অতিথির বক্তব্যে সোনালী ব্যাংক লিমিটেডের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর তারিকুল ইসলাম চৌধুরী বলেন, বঙ্গবন্ধু একটি স্বাধীন সার্বভৌম দেশ দিয়েছেন বলেই আমরা আজকে ডিএমডি। তা-না হলে পশ্চিম পাকিস্তানী শাসকদের শোষণ বঞ্চনার যাতাকলে থাকতে হতো। তাই আমি মনে করি জাতির পিতাকে স্মরণ ও মননে ধারণ করার মাধ্যমেই কেবল জাতি দেশ ও প্রতিষ্ঠান সমৃদ্ধ হতে পারে। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন সোনালী ব্যাংক লি. চট্টগ্রাম এর জেনারেল ম্যানেজার এম এ কাইয়ুম। তিনি বলেন, বাংলাদেশের সাথে মিশে আছে জাতির জনক বঙ্গবন্ধুর নাম। বাংলাদেশ এবং শেখ মুজিব একটি অভিন্ন নাম। তিনি বাংলাদেশের বটবৃক্ষ।
তাঁর জন্ম না হলে কখনো বাংলাদেশের জন্ম হতো না। তিনি বাঙালি জাতিকে পরাধীনতার শৃংখল থেকে মুক্তি দিয়েছেন। স্বাধীন সার্বভৌম রাষ্ট্রো বাংলাদেশ উপহার দিয়েছেন। বর্তমানে বাংলাদেশের অর্থনীতি অত্যন্ত শক্ত ভীতের উপর অবস্থিত। তিনি বাংলাদেশকে ডিজিটাল মডেল হিসেবে গড়ে তোলার জন্য জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার জন্য আহবান জানান। বিশেষ বক্তার বক্তব্যে সানালী ব্যাংক লিমিটেড, ঢাকা-২ এর জেনারেল ম্যানেজার নিজাম উদ্দিন আহমেদ চৌধুরী বলেন, জাতির জনক বঙ্গবন্ধু ছিরেন এদেশের প্রতিটি মানুষের অতি আপনজন। তিনি জাতি, ধর্ম, বর্ণ, শ্রেণি, সম্প্রদায় নির্বিশেষে প্রত্যেক বাঙালীর জন্য ছিল অকৃত্রিম দরদ। আমার প্রত্যাশা প্রজন্ম থেকে প্রজন্মান্তরে স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের গৌরবগাঁথা সমুন্নত রাখাই আমরা দৃঢ় প্রত্যয়ী হব। তাহলেই বঙ্গবন্ধুকে যথার্থ শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। সভায় অন্যদের বক্তব্য রাখেন ডেপুটি জেনারেল ম্যানেজার এস এম আবুল কালাম আজাদ, সংগঠনের পক্ষ থেকে মো. গিয়াস উদ্দিন, এ বি এম খালেদুজ্জামান, এ এস এম এয়াকুব, আরমান মাহমুদ, মো. আবদুল মোমেন জসীম, মোবারক শাহ চৌধুরী, আবুল হাসনাত মো. আবদুল্লাহ, মো. আজগর আলী, উজ্জ্বল কান্তি নাথ, হাসান তারেক, মো. আসাদ সিদ্দিকী, থোয়াং চিং প্রæ, বাবুল মারমা, খায়রুল বশর, চন্ডী লাল চাকমা, মনির আহমদ প্রমুখ। পবিত্র কোরআন থেকে তেলোয়াত পাঠ করেন লালদিঘী কর্পোরেট শাখার এসিষ্ট্যান্ট জেনারেল ম্যানেজার আবদুল ওদুদ সিকদার। পরে প্রজেক্টরের মাধ্যমে বঙ্গবন্ধুর ১৫ আগস্ট এর নির্মম হত্যাকান্ডের ভিডিও প্রদর্শনী আয়োজন করা হয়।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা